

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৩

তারিখঃ-----
মার্চ ১৩, ২০১৭
ফাল্গুন ২৯, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

গ্রাহকের হিসাবে অর্থ জালিয়াতির ঘটনায় গ্রাহককে যথাযথ ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, চেক জাল করে গ্রাহকের হিসাব থেকে অর্থ আত্মসাৎ, জালিয়াতি বা প্রতারণার ঘটনা ঘটছে। ব্যাংকের কিছু কিছু কর্মকর্তা/ কর্মচারীদের যোগসাজশে এ ধরনের ঘটনা সংঘটিত হতে পারে। তাছাড়াও চেকের পাতা বা চেক বই চুরি করে, চেক জালিয়াতি বা সিস্টেমের ত্রুটিজনিত এবং আইটি সিস্টেম এর অপব্যবহারের মাধ্যমে এ ধরনের ঘটনা সংঘটিত হতে পারে। সাধারণত অর্থ জালিয়াতির ঘটনা উদঘাটিত হওয়ার সাথে সাথে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক আদালতে মামলা দায়ের করা হয়। মামলা নিষ্পত্তির বিষয়টি সময় সাপেক্ষ বিধায় এ ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব তদন্তে গ্রাহকের কোনরূপ সংশ্লিষ্টতা প্রমাণিত না হলে গ্রাহকের নিকট থেকে মুচলেকা (Indemnity Bond) গ্রহণপূর্বক আত্মসাৎকৃত অর্থ গ্রাহককে প্রদান করা যুক্তিযুক্ত।

০২। এক্ষেত্রে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, চেক জাল করে গ্রাহকের হিসাব থেকে অর্থ জালিয়াতি বা প্রতারণার ঘটনায় ব্যাংকের নিজস্ব তদন্তে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী জড়িত রয়েছে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে গ্রাহকের এতদসংক্রান্ত দাবি পূরণ করতে হবে। ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী বা গ্রাহক কারও সংশ্লিষ্টতা ব্যতিরেকে অন্য কোন তৃতীয় পক্ষের হস্তক্ষেপে/ত্রুটির কারণে উক্ত অর্থ জালিয়াতি/ক্ষতি হয়েছে বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের পর্ষদ এর অনুমোদন ক্রমে গ্রাহককে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২